সিলেটে করোনার ভয়াবহ পরিস্থিতি: আরও ১৭ জনের মৃত্যু, শনাক্ত ৭০২

চেম্বার ডেস্ক:: রোববার সকাল ৮টার পর থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় সিলেট বিভাগে আরও ৭০২ জন করোনাভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে। এ নিয়ে বিভাগটিতে মোট করোনা প্রমাণিত রোগীরে সংখ্যা ৪৫ হাজার ৮৬৪ জনে দাঁড়িয়েছে। একই সময়ে বিভাগে নতুন করে আরও ১৭ জন রোগী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছেন। এ নিয়ে বিভাগে করোনায় মৃতের সংখ্যা ৮শ’ ছাড়ালো।

সোমবার (৯ আগস্ট) সকালে স্বাস্থ্য অধিদপ্তরের সিলেট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ডা. হিমাংশু লাল রায় স্বাক্ষরিত কোভিড-১৯ কোয়ারেন্টিন ও আইসোলেশনের দৈনিক প্রতিবেদন থেকে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, সিলেট বিভাগে গত ২৪ ঘণ্টায় নতুন করা শনাক্ত হওয়া ৭০২ জনকে নিয়ে সিলেট বিভাগে মোট করোনা প্রমাণিত রোগীর সংখ্যা দাঁড়ালো ৪৫ হাজার ৮৬৪ জনে। যাদের মধ্যে সিলেট জেলায় ২৪ হাজার ৬৮০ জন, সুনামগঞ্জে ৫ হাজার ৩০৭ জন, হবিগঞ্জ জেলায় ৫ হাজার ৫২২ জন, মৌলভীবাজারে ৬ হাজার ৫৪৯ জন ও সিলেটের এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ৩ হাজার ৮০৬ জন।

গত ২৪ ঘণ্টায় সিলেট বিভাগে নতুন করে শনাক্ত হওয়া ৭০২ জন করোনা আক্রান্ত রোগীর ২৬২ জনই সিলেট জেলার বাসিন্দা। এছাড়া বিভাগে সুনামগঞ্জ জেলার ৮৬ জন, হবিগঞ্জের ৮১ জন ও মৌলভীবাজার জেলার বাসিন্দা ১০৬ জন। এদিকে সিলেটের এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আরও ১৬৭ জন রোগীর করোনা শনাক্ত হয়েছে।

সিলেটে বিভাগে সোমবার দৈনিক শনাক্তের হার ৩২ দশমিক ৮২ শতাংশ। যার ৩৪ দশমিক ৬৫ শতাংশ সিলেট জেলায়, সুনামগঞ্জ ২৫ দশমিক ৩৭ শতাংশ, হবিগঞ্জে ৩২ দশমিক ০২ শতাংশ ও মৌলভীবাজারে ৩৪ দশমিক ৩০ শতাংশ।

সর্বশেষ তথ্য অনুযায়ী, সিলেট বিভাগে গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন আরও ১৭ জন রোগী। তাদের ১২ জনই

সিলেট জেলার, সুনামগঞ্জে একজন ও একজন মৌলভীবাজার জেলার বাসিন্দা। এছাড়া সিলেটের এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আরও ৩ জন রোগী করোনায় মারা গেছেন। এনিয়ে বিভাগে মৃত্যুবরণ করা মোট রোগীর সংখ্যা ৮০৫ জন। এর মধ্যে সিলেট জেলার ৬০২ জন, সুনামগঞ্জে ৫৯ জন, হবিগঞ্জে ৩৯ জন, মৌলভীবাজারের ৬৪ জন ও সিলেটের এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ৪১ জন।

এদিকে গত ২৪ ঘণ্টায় সিলেট বিভাগে হাসপাতালে ভর্তি হয়েছেন ৯৩ জন। এর মধ্যে সিলেটের বিভিন্ন হাসপাতালে ৬৯ জন, সুনামগঞ্জ জেলায় ৯ জন, মৌলভীবাজারে ২ জন ও ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়েছেন ১৩ জন। সব মিলিয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন ৭৫১ জন। এর মধ্যে সিলেটের বিভিন্ন হাসপাতালে ৩৩০ জন, সুনামগঞ্জে ৭০ জন, হবিগঞ্জে ৪৮ জন, মৌলভীবাজারে ৩০ জন ভর্তি রয়েছেন। এদিকে সিলেটে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ২৭৩ জন রোগী চিকিৎসাধীন রয়েছেন।

একইদিনে সিলেট বিভাগে নতুন করে আরও ৪৭০ জন করোনাভাইরাসে আক্রান্ত রোগী সুস্থ হয়ে উঠেছেন। যাদের মধ্যে ২৩৩ জন সিলেট জেলার বাসিন্দা। এছাড়া ৫১ জন সুনামগঞ্জে, ৭ জুন হবিগঞ্জে, ১৫৮ জন মৌলভীবাজার জেলার বাসিন্দা। এছাড়া এনিয়ে বিভাগে করোনা থেকে সুস্থ হওয়া রোগীর সংখ্যা ৩৩ হাজার ৫৩০ জন। যাদের মধ্যে সিলেট জেলায় ২২ হাজার ৫৫৪ জন, সুনামগঞ্জে ৩ হাজার ৬১১ জন, হবিগঞ্জ জেলায় ২ হাজার ৬৭০ জন, মৌলভীবাজারে ৪ হাজার ৪০৩ জন ও ওসমানী হাসপাতালে ২৯২ জন।

এদিকে সিলেটের চার জেলায় র্যাপিড এন্টিজেন টেষ্টের মাধ্যমে ১৬৭ জন করোনা রোগী শনাক্ত হয়। তাদের মধ্যে সিলেট ৬০, সুনামগঞ্জ ৫০, হবিগঞ্জ ১৭ ও মৌলভীবাজার জেলায় ৪০ জন। এছাড়া গত চব্বিশ ঘণ্টায় সিলেট বিভাগে ১৩৯ জনকে নতুন করে কোয়ারেন্টিনে পাঠানো হয়েছে।